

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি
কানাইপুর, ফরিদপুর।
Email: faridpur_pbs@hotmail.com
মোবা: ০১৭৬১৪০০২৮

স্মারক নং- ২৭.১২.২৯৪৭.৫৪৭.০১.০৩৮.২২. ২৭০৪

তারিখঃ- ২০ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ
০৩ এপ্রিল, ২০২২খ্রিঃ

বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে “ ট্রান্সফরমার অয়েল রিফাইন” করণের দরপত্র আহবান প্রসঙ্গে।

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক “ ট্রান্সফরমার অয়েল রিফাইন” করণের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত ট্রান্সফরমার অয়েল রিফাইনকারী প্রতিষ্ঠানের নিকট থেকে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে সীলগালাযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

- ০১। দরপত্র গ্রহণ ও খোলার স্থান : ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, খিলক্ষেত, ঢাকা।
খ) জেনারেল ম্যানেজার, ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর।
০২। দরপত্র গ্রহণের তারিখ ও সময় : ১০/০৪/২০২২ খ্রিঃ, সময় : বেলা ১২:০০ ঘটিকা।
০৩। দরপত্র খোলার তারিখ ও সময় : ১০/০৪/২০২২ খ্রিঃ, সময় : বেলা ১২:৩০ ঘটিকা।

মালামালের বিবরণ:

দরপত্র নং	মালামালের বিবরণ ও স্পেসিফিকেশন	পরিমাণ	উদ্ধৃত মূল্য (টাকা)	
			একক মূল্য (টাকা) (প্রতি ড্রাম)	মোট মূল্য (টাকা)
১	২	৩	৪	৫
২৬/২০২১-২০২২	ট্রান্সফরমার অয়েল রিফাইনঃ ময়লা ও গাঁদযুক্ত ট্রান্সফরমার অয়েল রিফাইন করণ প্রতি ড্রাম: ২০৫ লিটার	২৫ ড্রাম (৫১২৫ লিটার)		
মোট =				

কথায়ঃ

শর্তাবলীঃ

- (ক) আগামী ১০/০৪/২০২২ খ্রিঃ তারিখে বর্ণিত “ট্রান্সফরমার অয়েল রিফাইন” করণের দরপত্র সীলগালা যুক্ত খামে ক্রমিক নং-০১ -এ বর্ণিত স্থানে রক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না এবং নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।
- (খ) খামের উপর স্পষ্টাক্ষরে “ ট্রান্সফরমার অয়েল রিফাইন করণের দরপত্র” কথাটি লিখে জমা দিতে হবে।
- (গ) দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী, আয়কর, ভ্যাট রেজিস্ট্রেশনের সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা প্রদান করতে হবে।
- (ঘ) প্রাপ্ত দরপত্র যথাযথভাবে মূল্যায়নের পর সফল দরদাতা প্রতিষ্ঠানের অনুকূলে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে বর্ণিত পরিমাণ ট্রান্সফরমার অয়েল সমিতি ষ্টোর থেকে নিজ ব্যয়ে গ্রহণ করতঃ রিফাইন কাজ সম্পন্ন করে নিজ ব্যয়ে ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতি, কানাইপুর, ফরিদপুর এ পৌছাতে হবে।
- (ঙ) সফল দরদাতা প্রতিষ্ঠান কর্তৃক কার্যাদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে “ ট্রান্সফরমার অয়েল রিফাইন” করণের পর সমিতির সদর দপ্তর, কানাইপুর, ফরিদপুরে পৌছাতে হবে।
- (চ) দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্ট অক্ষরে এবং কথায় লিখতে হবে। কোন রূপ ঘষামাজা বা কাটাকাটি গ্রহণযোগ্য হবে না।
- (ছ) রিফাইনকৃত তেলের গুনগত মান কমপক্ষে ০১ (এক) বৎসর গ্রহণযোগ্য পর্যায়ে থাকতে হবে।

- (জ) ২৫টি ড্রামসহ ট্রান্সফরমার অয়েল সমিতির ইস্যু ভাউচারের মাধ্যমে গ্রহণ করতে হবে এবং রিফাইন শেষে ৫১২৫ লিটারের ৮০% অর্থাৎ ৪১০০ লিটার অয়েল ড্রাম সহ জমা দিতে হবে।
- (ঝ) নির্ধারিত সময়ের মধ্যে “ ট্রান্সফরমার অয়েল রিফাইন” করণে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশকৃত মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশের) বেশী হবে না।
- (ঞ) রিফাইনকৃত ট্রান্সফরমার অয়েলের পরিমাণ ৪১০০ লিটারের কম হলে কম সরবরাহকৃত অয়েলের মূল্য প্রতি লিটার ২০৩.২৫ টাকা হারে দাখিলকৃত বিল হতে কর্তন করা হবে।
- (ট) কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- (ঠ) অত্র পবিস কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- (ড) শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন বিষয় নিম্পত্তির ক্ষেত্রে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


স্বাক্ষর:

(মোঃ আবুল হাসান)
জেনারেল ম্যানেজার

অনুলিপি: (নোটিশ বোর্ডে বহুল প্রচারের জন্য) সদয় অবগতির জন্য।

- ১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ফরিদপুর।
- ৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ফরিদপুর।
- ৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ফরিদপুর।
- ৭। নির্বাহী প্রকৌশলী, জেলা সড়ক ও জনপথ বিভাগ, ফরিদপুর।
- ৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা..... ফরিদপুর।
- ৯। ডিজিএম (ন: জোঃ অফিস /এজিএম (অর্থ)/ওএন্ডএম), ফরিদপুর পবিস।
- ১০। সহকারী প্রকৌশলী, বাপবিবো, ফরিদপুর।
- ১১। মেসার্স.....।
- ১২। ওয়েব সাইট/নোটিশ বোর্ড, ফরিদপুর পবিস।
- ১৩। অফিস কপি/মাষ্টার কপি।

আগামী ১১/০৪/২০২২খ্রিঃ তারিখ উপস্থিত থেকে দরপত্র মূল্যায়ন কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ আবুল হাসান)
জেনারেল ম্যানেজার
২০২২